দৈনিক ইত্তেফাক

তারিখ ১২ SEP 2017
পৃষ্ঠা ২০ কলাম ৫

# বিএসএমএমইউর নীতি মেনে চলবে নতুন মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

## স্বাস্থ্যমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সিদ্ধান্ত

■ ইত্তেফাক রিপোর্ট

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) নীতি অনুসরণ করে নবপ্রতিষ্ঠিত চট্টগ্রাম ও রাজশাহী মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম চলবে। গতকাল সোমবার সচিবালয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত চট্টগ্রাম ও রাজশাহী মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম প্রক্রিয়া সংক্রান্ত এক সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম এতে সভাপতিত্ব করেন।

এই দুই বিশ্ববিদ্যালয়ের বাজেট দ্রুত অনুমোদনের জন্য শিগগিরই শিক্ষামন্ত্রীকে নিয়ে অর্থমন্ত্রীর সঙ্গে বৈঠকে বসবেন জানিয়ে স্বাস্থ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে দেশের সাত বিভাগে একটি করে মেডিক্যাল বিশ্ববিদ্যালয় স্থাপনের কাজ ইতিমধ্যে শুরু হয়েছে। চট্টগ্রাম ও রাজশাহীতে জমি বরাদ্দ করে বিশ্ববিদ্যালয় পৃষ্ঠা ২ কলাম ৫

## বিএসএমএমইউর নীতি

২০ পৃষ্ঠার পর

অবকাঠামো নির্মাণের প্রক্রিয়া শুরু হয়েছে। ইতিমধ্যে উপাচার্য নিয়োগও হয়ে গেছে। তিনি বলেন, প্রয়োজনীয় জনবল পেলে তাদের পক্ষে প্রশাসনিক কাজ শুরু করা সম্ভব হবে। এজন্য দ্রুত অর্থ ছাড় করানোর উদ্যোগ নেয়া হচ্ছে। মোহাম্মদ নাসিম বলেন, সরকার ইতিমধ্যে সিলেটেও একটি মেডিক্যাল বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রক্রিয়া শুরু করেছে। চিকিৎসা, শিক্ষা ও গবেষণার মান উন্নয়নে সরকারের এই উদ্যোগ অব্যাহত থাকবে।

সভায় অন্যান্যের মধ্যে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ, স্বাস্থ্যসেবা বিভাগের সচিব সিরাজুল হক খান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান, বিএসএমএমইউ'র উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান, চট্টগ্রাম মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডা. ইসমাইল খান, রাজশাহী মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডা. মাসুম হাবিব প্রমুখ উপস্থিত ছিলেন।

সভায় জানানো হয়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত মেডিক্যাল কলেজগুলোর এমবিবিএস কোর্সের কার্যক্রম বিএসএমএমইউ'র অধীনে আনতে প্রস্তাবনা উপস্থাপনের লক্ষ্যে গঠিত কমিটি সাত সদস্য বিশিষ্ট হবে। স্বাস্থ্য মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ সচিব, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান, বিএসএমএমইউ উপাচার্য, বিএমডিসি সভাপতি, বিএমএ সভাপতি এবং স্বাস্থ্য মন্ত্রণালয়ের যুগ্মসচিব (চিকিৎসা শিক্ষা) কমিটিতে অন্তর্ভুক্ত থাকবেন।